দামুড়হুদায় মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা ও এডহক কমিটির দায়িত্ব গ্রহণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ে নবনির্বাচিত এডহক কমিটির দায়িত্ব গ্রহণ উপলক্ষে পরিচিতি সভা ও মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৫ আগস্ট) বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নবনির্বাচিত এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন বোর্ড কর্তৃক মনোনীত মো. জাহাঙ্গীর আলম। সাধারণ শিক্ষক সদস্য হিসেবে জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত মো. নাজমুল হাসান, অভিভাবক সদস্য হিসেবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত মো. আব্দুল আলিম এবং সদস্যসচিব হিসেবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মুনছুর আলী দায়িত্ব গ্রহণ করেন।

অনুষ্ঠানে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মুনছুর আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের সভাপতি মো. রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মো. ইউসুফ আলী, সহ-সভাপতি মহিউদ্দীন, সাধারণ সম্পাদক মো. নাফিজ আখতার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান ও সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম।

এছাড়াও উপস্থিত ছিলেন বিএনপির প্রবীণ নেতা পিয়ার মোহাম্মদ, জসিম উদ্দীন চকলা, ৩ নম্বর ওয়ার্ড বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আবু হাসান, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, উপজেলা যুবদলের সদস্য হুমায়ূন কবির ডাবলু ও মোমিনুল ইসলাম এবং হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শহিদুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তারা শিক্ষার্থীদের পড়াশোনায় মনোযোগী হওয়ার পাশাপাশি নৈতিকতা, শৃঙ্খলা ও দেশপ্রেমের চেতনায় নিজেদের গড়ে তোলার আহ্বান জানান। একই সঙ্গে মেধাবী শিক্ষার্থীদের সাফল্যের স্বীকৃতি দেওয়ার মাধ্যমে অন্য শিক্ষার্থীদেরও লেখাপড়ায় উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ করেন।

আয়োজকরা জানান, শিক্ষার্থীদের উৎসাহিত করা এবং তাদের মেধা ও সাফল্যের স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়ার পাশাপাশি শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার এডহক কমিটির অনুমোদন

আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দিয়েছে জাতীয় ক্রীড়া পরিষদ। জাতীয় ক্রীড়া পরিষদের নির্বাহী পরিচালক দৌলতুজ্জামান খানের স্বাক্ষরিত এক আদেশ নামায় এই এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শাহীনুর আক্তারকে সভাপতি ও হারুনূর রশিদ মন্ডলকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট এডহক কমিটির অনুমোদন দেওয়া হয়।

বাকী সদস্যরা হলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ,কৃষি কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা, যুব উন্নয় কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা ও শরিফুল ইসলাম পিন্টু।

গত ৮ ই জুন জাতীয় ক্রীড়া পরিষদের আদেশে এই এডহক কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে গনতান্ত্রিক পক্রিয়ায় নির্বাচনের মধ্যদিয়ে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করবে।

এছাড়াও স্থানীয় ক্রীড়ার কার্যক্রমকে গতিশীল, সুগঠিত ও কার্যকর

ভূমিকা পালন করবে বলে ক্রীড়া সংশ্লিষ্টরা মনে করেন।

এছাড়াও এই কমিটি বর্তমান ক্রীড়া পরিচালনা, ক্রীড়া প্রতিযোগিতা আয়েজন করা, খেলার মান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা এবং যুব সমাজকে খেলার মাঠে আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য বিশেষ ভূমিকা রাখবে বলে অনেকেই মন্তব্য করেছেন।

আলমডাঙ্গা ক্রীড়াঙ্গনে মামুনুর রশীদ মন্ডল দীর্ঘদিন ধরে কার্যকর ভূমিকা পালন করে আসছে। সেই সাথে শরিফুল ইসলাম পিন্টু খেলার মাঠে অগ্রণী ভূমিকা পালন করতে দেখা যায়।

আলমডাঙ্গার সুধীমহল ও ক্রীড়ামোদী মানুষ তাদের দুজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।